

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়  
প্রশিক্ষণ শাখা  
(www.mole.gov.bd)

স্মারক নম্বরঃ ৪০.০০.০০০০.০১৮.২৫.০৩১.২২- ১৪৭

তারিখঃ ৪ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ  
১৮ মে ২০২৫ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ 'তথ্য অধিকার আইন, ২০০৯' এর আওতায় তথ্য প্রদান।

সূত্রঃ আপনার গত ২০-০৪-২০২৫ খ্রি. তারিখে স্বাক্ষরিত তথ্য প্রাপ্তির আবেদন।

উপর্যুক্ত বিষয়ে উল্লেখ্য যে, 'তথ্য অধিকার আইন, ২০০৯' এর আওতায় আপনি গত ২০-০৪-২০২৫ খ্রি. তারিখে "(ক) ৩৩ তম বিসিএস থেকে নন-ক্যাডার প্রথম ও দ্বিতীয় শ্রেণীর কতগুলো পদের জন্য শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় থেকে অধিযাচনপত্র প্রেরণ করা হয়েছিল তার সংখ্যা ও পূরণকৃত পদের সংখ্যা (পদের নামসহ)" সংক্রান্ত তথ্যাদি 'সত্যায়িত ফটোকপি' আকারে পাওয়ার জন্য আবেদন করেছেন। বর্তমানে এই সংক্রান্ত তথ্যাদি সরবরাহের জন্য নিম্নস্বাক্ষরকারীর নিকট মজুদ আছে।

তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা ৯ (৬) অনুসারে আপনার চাহিদানুযায়ী নিম্নস্বাক্ষরকারীর নিকট মজুদকৃত সংশ্লিষ্ট তথ্যাদির ১০ (দশ) পৃষ্ঠা সত্যায়িত ফটোকপি প্রাপ্তির জন্য প্রতি পৃষ্ঠা ২ (মাত্র দুই) টাকা হারে মোট ২০ ( মাত্র বিশ) টাকা তথ্যের মূল্য হিসেবে 'তথ্য কমিশন'-এর 'জরিমানার মূল্য জমাদানের কোড: ১-৩৩০১-০০০১-২৬৮১' -এ চালানের মাধ্যমে জমা প্রদান করে আগামী ২৪ মে, ২০২৫ খ্রি. তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট চালানের কপি জমা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

উল্লেখ্য, চালানের কপি নির্ধারিত তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট জমা প্রদান না করা হলে, আপনার চাহিত তথ্যাদি প্রাপ্তির বিষয়ে নিম্নস্বাক্ষরকারী কোন দায় বহন করবেন না।

স্বাঃ/

(সারবিন চৌধুরী)

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা

উপসচিব (প্রশিক্ষণ)

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

ফোনঃ ০২-২২৩৩৫১৬৩৯

ই-মেইলঃ [section8@mole.gov.bd](mailto:section8@mole.gov.bd)

জনাব মোঃ সাজ্জাদুল করিম

পিতাঃ মোঃ দুলাল হোসেন,

মাতাঃ মোছাঃ জহুরা বেগম

বর্তমান ঠিকানাঃ এ-৭, ৩৮৩/এ, এডিসন কাজী ক্যামেলিয়া,

১৪, একতা সড়ক, খিলগাঁও, ঢাকা-১২১৯।

মোবাইল নম্বরঃ ০১৭১১৭৮৬০০১।

স্মারক নম্বরঃ ৪০.০০.০০০০.০১৮.২৫.০৩১.২২- ১৪৭/১(৩)

তারিখঃ ৪ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ  
১৮ মে ২০২৫ খ্রিষ্টাব্দ

জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২। সিস্টেম এনালিস্ট, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।

৩। অফিস কপি।

স্বাঃ/

(সারবিন চৌধুরী)

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা

উপসচিব (প্রশিক্ষণ)

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

ফোনঃ ০২-২২৩৩৫১৬৩৯

ই-মেইলঃ [section8@mole.gov.bd](mailto:section8@mole.gov.bd)